কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন অনুষ্ঠিত

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষনে সভাপতিত্ব করেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস উদ্দিন ।

প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ ।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা,সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুচ আলী। এরপর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

মুজিবনগরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

১০ই জানুয়ারী ১৯৭২ সালের এই দিনে পাকিস্তানের সেই অন্ধকার প্রকোষ্ঠ থেকে মুক্তি পেয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে পূর্ণতা পায় বাংলাদেশের স্বাধীনতা। পাকিস্তান থেকে লন্ডন, লন্ডন থেকে দিল্লি এবং দিল্লি থেকে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন বঙ্গবন্ধুর এই যাত্রা ছিল অন্ধকার থেকে আলোর পথে যাত্রা।

সেই বিশেষ দিনটিকে স্মরণ করতে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট থেকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম। দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, যুব নেতা হাসানুজ্জামান লালটু,আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরে কালের কণ্ঠর ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে মেহেরপুরে জাকজমকভাবে পালিত হলো কালের কণ্ঠ’র ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে এ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

শুভ সংঘ জেলা শাখার সভাপতি প্রফেসর নুরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজে অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার। বিশেষ অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, নারী সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি এম এ লিংকন।

সাংবাদিক মাহাবুব চান্দুর সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর শফিউল ইসলাম সরদার বলেন, কালের কণ্ঠ পত্রিকা জন্মলগ্ন থেকে শিক্ষাসহ নানা বিষয় নিয়ে গুরত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে। কালের কণ্ঠ শুধু জাতীয়ভাবে নয়, জেলা পর্যায়ের অনেক গুরত্বপূর্ণ সংবাদ প্রকাশ করছে। কালের কণ্ঠর শুভ সংঘর ছেলে মেয়েরা বিভিন্ন সময় অসহায়, দরিদ্রদের জন্য আর্তমানবতার সেবায় কাজ করছে যেগুলো সমাজ উন্নয়ন ভুমিকা রাখছে।

অন্যান্য বক্তারা বলেন, শক্তিশালী গণমাধ্যমে হিসেবে কালের কণ্ঠ পাঠকদের মনে স্থান করে নিয়েছে। সাদাকে সাদা, কালোকে কালো বলা গণমাধ্যমের সংখ্যা আমাদের সামনে হারিয়ে গেলেও কালের কণ্ঠ সে অগ্রণী ভুমিকা পালন করে চলেছে।

পরে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠান শেষ করা হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, সাংবাদিক, শুভ সংঘর সদস্যরা অংশ নেন।

হোটেল আটলান্টিকা কাণ্ডে আরো এক যুবক গ্রেফতার, এ নিয়ে গ্রেফতার ৭

মেহেরপুরে হোটেল আটলান্টিকা কাণ্ডে জড়িত অভিযোগে নিহাল আল মুকিত নামের এক যুবককে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)।

গত রবিবার রাতে মেহেরপুর শহরের এশিয়া নেট মোড় থেকে তাকে

গ্রেফতার করা হয়। আটক নিহাল আল মুকিত শহরের বড় বাজার এলাকার নজরুল ইসলামের ছেলে।

এ নিয়ে হোটেল আটলান্টিকা কাণ্ডে পুলিশ ৭জনকে আটক করলো। বাকিরা হলেন; কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন, হিজুলির ছন্দা খাতুন, হোটেল কর্মচারী হাসিবুল হক জয়, সাংবাদিক মিজানুর রহমান জনি।

ডিবি জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবির ওসি সাইফুল আলমের নেতৃত্বে এসআই আশরাফ সহ সঙ্গীফোর্স নিয়ে শহরের বড় বাজার এলাকার এশিয়া নেট মোড়ে অভিযান চালিয়ে নিহালকে গ্রেফতার করা হয়। নিহালের কাছে থেকে মেহেরপুর শহরের আলোচিত আটলান্টিক হোটেল কাণ্ডে তার একাধিক অশ্লীল ভিডিও পাওয়া গেছে এবং আলোচিত হোটেল আটলান্টিকাতে অসামাজিক কার্যকলাপের মিডিয়া হিসেবে কাজ করতো এবং নিজেও এসব কর্মকাণ্ডের সুবিধা নিতো।

ডিবি পুলিশ আরো জানায়, হোটেল আটলান্টিকা মামলার আসামি হাসিবুল হক জয়ের ১৬৪ ধারার জবানবন্দি অনুযায়ী তাকে গ্রেফতার করা হয় এবং নেহালের মোবাইলে অসংখ্য মেয়েদের সাথে শারীরিক মিলনের অনৈতিক ভিডিও ছবি পাওয়া গেছে।

উল্লেখ্য, ২২ নভেম্বর মউকের একটি চাঁদাবাজী মামলার আসামী হিসেবে হোটেল আটলান্টিকায় অসামাজিক কার্যকলাপের অন্যতম হোতো নাজনিন খান প্রিয়াকে আটক করে সদর থানা পুলিশ। পরে ওই মামলাটি ডিবিতে হস্তান্তর করা হলে ডিবি পুলিশ মামলার তদন্তকালে ৩০ নভেম্বর মেহেরপুরের ওয়াপদা সড়কে আটলান্টিকা কাণ্ডে জড়িত থাকার অভিযোগে হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন এবং সদর উপজেলার হিজুলী গ্রামের এনামুল হকের মেয়ে ছন্দা খাতুনকে গ্রেফতার করে। ছন্দা খাতুনকে ১৬৪ ধারায় জবাবনবন্দীতে হোটেল আটলান্টিকার অসামাজিক কার্যক্রমের বিবরণ তুলে ধরেন। তার জবানবন্দীতে উঠে আসে ভয়ংকর সব তথ্য। হোটেল মালিক মতিয়ার ও তার ছেলে মামুন স্থানীয় কিছু সাংবাদিকের সহায়তায় হোটেলে বিভিন্ন মেয়েদের ব্যবহার করে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের অন্তরঙ্গ মুহুর্তের ভিডিও ধারণ করে সেগুলো সাংবাদিকদের মাধ্যমে চাদাবাজি করে আসছিলেন।

ছন্দা খাতুনের জবানবন্দী নিয়ে মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরসহ আশেপাশের কয়েকটি জেলায় সংবাদটি তোলপাড় সৃষ্টি করে। যার রেশ এখনো চলমান। সংবাদে মেহেরপুরের চার সাংবাদিক ও এক

আইনজীবীর কথা উঠে আছে। প্রকাশিত ওই সংবাদের চার সাংবাদিকে একজন এশিয়ান টেলিভিশনের সাংবাদিক মিজানুর রহমান জনিকেও ওই মামলায় শোন এ্যারেষ্ট দেখিয়েছে পুলিশ। আজ হোটেল আটলান্টিকা কাণ্ড মামলার রিমাণ্ড শুনানী হওয়ার দিন ধার্য রয়েছে।

মেহেরপুরে অনলাইনে মেশিনারীজ ব্যবসায়ী দিপুর সংবাদ সম্মেলন

একটি বেসরকারি টিভি চ্যানেলের প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে নিজেকে নির্দোষ দাবী করে সংবাদ সম্মেলন করেছে দেলোয়ার হোসেন ওরফে দিপু নামের এক মেশিনারীজ ব্যবসায়ী।

গতকাল দুপুরে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এ সংবাদ সম্মেলন করেন তিনি ।

তিনি বলেন, আমি অন্যের কার্ড দিয়ে সিম তুলেছি, এই কথাটা সম্পূর্ণ মিথ্যা। আমার বিরুদ্ধে মিথ্যা ও ভিত্তিহীন তথ্য দিয়ে ফাঁসানোর জন্য এগুলো করা হয়েছে। আসল ঘটনাটা হল আপনারা সবাই জানেন যে, আমার অনলাইনের আউট সোর্সের বিজনেস আছে এবং আমার চারটা ইউটিউব চ্যানেল এবং একটা ফেসবুক পেজ আছে। যেগুলোর মাধ্যমে দিয়ে আমরা সারা বাংলাদেশে মেশিনারিজ প্রোডাক্ট সেল করে থাকি।

সেক্ষেত্রে বাইরে থেকে যারা আমাদের ভিডিওগুলো দেখে মেশিন অর্ডার দেয়। তারা সবাই আমাদেরকে নগদ বিকাশ অথবা রকেটের মাধ্যমে কিছু টাকা এডভান্স করে। যেমন পাঁচ হাজার, দশ হাজার, পনেরো হাজার ইত্যাদি আবার অনেকে ব্যাংকের মাধ্যমেও পাঠায়। আমরা সবাই জানি যে পার্সোনাল নগদ বিকাশ এবং রকেটে ২৫ হাজারের বেশি টাকা পাঠানো যায় না এবং মাসে দেড় লাখ টাকার বেশি লেনদেন করা যায় না। এক্ষেত্রে আমাদের প্রায় ১৫ থেকে ২০ টা নগদ বিকাশ এবং রকেটের পার্সোনাল একাউন্ট লাগে। যেগুলো দিয়ে আমরা টোটাল মাসটাকে কভার করতে পারি। যাতে লিমিটের কোন প্রবলেম না হয় কিন্তু আমাদের যে নগদ একাউন্টগুলো খোলা আছে তাতে আমাদের মাস কভার হচ্ছিল না। এর আগে আমার, মায়ের, বাবার ও স্ত্রীর আইডি কার্ড দিয়ে একাউন্ট খোলা

হয়েছে।

একটা আইডি কার্ড দিয়ে একটার বেশি একাউন্ট করা যায় না। আমার ফুফাত ভাই সাইফুল ইসলামের আইডি কার্ড দিয়ে নগদ একাউন্ট খুলি। এবং সে অসুস্থ থাকায় ফল খাওয়ার জন্য ৫শ টাকা দিই। এটা আশে পাশের মহিলা জানতে পেরে আমার কাছে ৫শ টাকা করে দাবি করে। আমার পুরনো অভ্যাসের কারণে তাদের তিনজনকে ৫শ করে টাকা দিই। যে টাকা দেওয়ায় আমার জন্য কাল হয়েছে। এই ভুলবোঝাবুঝিতে গ্রামের বেশ কিছু মহিলা থানায় গিয়ে আমার বিরুদ্ধে অভিযোগ করেছে। এর সুষ্ঠ তদন্ত চাই।

ঝিনাইদহে শেখ কামাল যুব গেমস উদ্বোধন

ঝিনাইদহে শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস আন্ত: উপজেলা প্রতিযোগিতা শুরু হয়েছে।

সোমবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন জেলা প্রশাসন মনিরা বেগম।

এসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা পরিষদের সচিব সেলিম রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার) ইমরান জাকারিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক রাজিবুল হাসান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিনসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত হয় কারাতে, দৌড়, দাবা, সাতার, বল নিক্ষেপসহ নানা প্রতিযোগিতা। এতে ঝিনাইদহের ৬ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নেয়। মঙ্গলবার বিকেলে এই প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হবে।

ঝিনাইদহে বিআরটিয়ের ১ দালালকে কারাদন্ড

ঝিনাইদহ বিআরটিএ অফিসে দালালি করার অপরাধে জিল্লুর রহমান নামের এক দালালের ১ মাসের কারাদন্ড ও ১’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার বিকেলে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম নুরুন্নবী এ দন্ডাদেশ প্রদাণ করেন। দন্ডিত জিল্লুর রহমান শহরের আরাপপুর এলাকার মুনতাজ খান’র ছেলে।

আদালত সুত্রে জানা যায়, বিআরটিএ অফিসে দালালরা সাধারণ মানুষের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করছে এমন খবরে অভিযান চালানো হয়। এ সময় হাতে নাতে শহরের আরাপপুর এলাকার জিল্লুর রহমান নামের এক দালালকে আটক করা হয়। টাকা নিয়ে কাজ করে দেওয়ার দোষ স্বীকার করায় জিল্লুর রহমানকে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১’শ টাকা জরিমানা করা হয়। জরিমানা অনাদায়ে আরও ৭ দিনের কারাদন্ডের আদেশ দেয় বিচারক।

এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আদালতের বিচারক এস এম নুরুন্নবী।

কুষ্টিয়ায় ভোক্তা অধিকার অধিদপ্তরের অভিযানে ২ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় ভোক্তা অধিকার ও র্যাবের বিশেষ অভিযানে ভেজাল পণ্য তৈরির কারখানার খোঁজ মিলেছে। পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে

একটি প্রতিষ্ঠানকে দুই লাখ টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার দুপুরে র্যাব-১২ কুষ্টিয়ার কম্পানি কমান্ডার মোহাম্মদ ইলিয়াস খান ও জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে একটি বিশেষ দল কুষ্টিয়া কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়া এলাকায় তদারকিমূলক অভিযান চালায়।

র্যাব জানায়, ওই কারখানা থেকে বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ মিশিয়ে ভেজাল কসমেটিকস, অলিভ ওয়েল এবং সুগন্ধি তেলসহ আরো অনেক পণ্য জব্দ করা হয়।

জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, কুষ্টিয়া কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়া এলাকায় তদারকিমূলক অভিযান চালানো হয়। এসময় ‘অথই কসমেটিকস’ নামে একটি্ প্রতিষ্ঠানে তারা দীর্ঘদিন ধরে ভেজাল পণ্য উৎপাদন ও দেশের বিভিন্ন অঞ্চলে বাজারজাত করে আসছিল।

এসময় বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ মিশিয়ে ভেজাল কসমেটিকস, অলিভ ওয়েল এবং সুগন্ধি তেল উৎপাদন ও বিক্রয় করার অপরাধে অথই কসমেটিকস এর সত্ত্বাধিকারী মোঃ রুহিন আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪১ ধারা মোতাবেক ২ লাখ টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি লক্ষাধিক টাকার ভেজাল কসমেটিকস এবং কসমেটিকস তৈরির উপকরণ ধ্বংস করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন ও র্য্যাব-১২’র সদস্যরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গার তিতুদহে ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্রসহ

আটক ৪

চুয়াডাঙ্গার তিতুদহে ডাকাতির প্রস্তুতিকালে পুলিশি অভিযানে আটক করা হয়েছে ৪ ডাকাতকে।

এসময় তাদের নিকট থাকা দেশীয় অস্ত্র-গ্রীলকাটার ও প্লাষ্টিকের রশি উদ্ধার করেছে। গতকাল রোববার দিবাগত রাতে তিতুদহের গ্রীসনগর গ্রাম হতে তাদেরকে আটক করে। আটককৃত ডাকাত দলের সকলের বাড়ি জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর -মদনা ইউনিয়নে।

জানাগেছে, গতকাল রোববার দিবাগত রাত দেড়টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফর রহমানের নের্তৃত্বে দর্শনা থানাধীন তিতুদহ ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই এএম আনোয়ারুল ইসলাম সাঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে সন্ত্রাস বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের গ্রীরিসনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠের পূর্ব পাশে পানির ট্রাংকির সামনে।

এ সময় উক্ত স্থান হতে দেশীয় অস্ত্র-শস্ত্রে সজ্জিত হয়ে ডাকাতির প্রস্তুতি গ্রহন করা কালে ৪ জন ডাকাতকে আটক করে।

আটককৃত ৪ ডাকাত চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সড়াবাড়ীয়া উত্তরপাড়ার মৃত মজিবর রহমান ওরপে মল্লিক শাহর ছেলে শাহাবুদ্দিন ওরফে বদ্দি (৩৬) একই গ্রামের মসজিদপাড়া পাড়ার সিরাজ হোসেনের ছেলে আব্দুল মান্নান (২৫), শাহপাড়ার আব্দুর রশিদের ছেলে ইমদাদুল হাসান (২৩) ও ইউনিয়নের মদনা গ্রামের উত্তরপাড়ার কাওছার আলীর ছেলে আব্দুল আলীম (২২)। আটক হওয়া ডাকাতদের নিকট হতে উদ্ধারকৃত দেশীয় অস্ত্রের মধ্যে অনুমান ১ ফুট ৭ ইঞ্চি লম্বা ১টি লোহার দা, অনুমান ১ ফুট ৬ ইঞ্চি লম্বা ৩টি কাঠের বাট যুক্ত হাসুয়া, কালো বাট যুক্ত লোহার তৈরি গ্রীল কাটার ১ টি, বাঁশের বাট যুক্ত লোহার হাতুড়ি ১ টি, ১ টি প্লাস ও ১০ ফুট সাদা প্লাষ্টিকের রশি।

আটককৃত ৪ ডাকাত সহ কয়েকজনকে অজ্ঞাতনামা পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে। আজ দর্শনা থানা পুলিশ ৪ জনকে ডাকাতি মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

মুজিবনগরে জমির দখল নিয়ে সংঘর্ষে উভয় পক্ষের ৬ জন আহত

মুজিবনগরে আনন্দবাস ও জয়পুর গ্রামে জমির দখল নিয়ে উভয় পক্ষের সংঘর্ষে ৬ জন আহত হয়েছে। সোমবার বিকেলে আনন্দবাস গ্রামের আলতাচরা বন্দের মাঠে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, আনন্দবাস গ্রামের মৃত আহমেদ আলীর ছেলে আলাউদ্দীন এবং ত্বক্কেল খাঁ দুই ছেলে মুনতাজ আলী ও হায়দার আলী এবং জয়পুর গ্রামের মৃত কদম আলীর ছেলে আনছার আলী, মৃত মিরাজ আলীর ছেলে আক্কাস আলী, মৃত দিদার বক্সের ছেলে নোয়াজ্জেম।

এদের মধ্যে আনছার আলীর হাতের আঙ্গুলের শিরা কেটে যাওয়ায় মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

জানা গেছে, সোমবার বিকেলে আনন্দবাস গ্রামের আলতাচরা বন্দের মাঠে এ জমিতে আলাউদ্দীনসহ তিন চার জন ধান রোপনের জন্য জমি প্রস্তুতি করছিল। এমন সময় জয়পুর মাদ্রাসা কর্তৃপক্ষ ঐ জমি দখল নেওয়ার জন্য যায়। মাদ্রাসা কর্তৃপক্ষ আলাউদ্দিন কে বলে এই জমি মাদ্রাসার নামে আছে। আপনারা কেন এখানে চাষ করছেন। এই বিষয় নিয়ে উভয় পক্ষের কথা কাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষে লিপ্ত হয়। এতে উভয় পক্ষের ছয় জন গুরুতর আহত হয়। এদেরকে স্থানীয়রা উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

এ বিষয়ে আনন্দবাস গ্রামের আলাউদ্দিন বলেন,১৯৮২ সালে আবুবক্কর খা,তোয়াক্কেল আলী খা এবং নাজিমুদ্দীন খা জয়পুর গ্রামের ইলিয়াস হোসেন এর কাছ থেকে রেকর্ড মূলে ৪০ শতক জমি ক্রয় করেন। সেই থেকে এই জমি দীর্ঘদিন ধরে আমরা চাষাবাদ করে আসছি। মেহেরপুর কোর্টে এ বিষয়ে মামলা আছে। গত কয়েকদিন আগে জয়পুর এবতেদায়ি মাদ্রাসা কর্তিপক্ষ জমি মাদ্রাসার দাবি করে জোর পূর্বক দখল করে।

এ বিষয়ে আমরা মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ জানায় গতকাল রবিবার বিকেলে থানায় এ বিষয়ে দুই পক্ষকে ডাক করে মীমাংসার জন্য বসে কিন্তু সঠিক মীমাংসা না হওয়ায় আমরা বলি যে আমরা মূর্খ মানুষ

জমির কাগজ সম্পর্কে কম বুঝি আদালতে মামলা আছে আদালত যদি আমাদের কাগজ সঠিক না বলে আমরা জমি ছেড়ে দিব এই বলে আমরা চলে আসি। আজ আমরা জমিতে ধান রোপনের জন্য চাষ করছিলাম এ সময় বিকালের দিকে মাদ্রাসার কর্তৃপক্ষ ৩০/৪০ জন লোক বিভিন্ন ধরনের ধারালো অস্ত্র ও লাঠি সড়কি নিয়ে জমি দখলে আসে। এ সময় আমি তাদেরকে বললাম, আপনাদের কাগজপত্র যদি ঠিক থাকে এবং আমার কাগজটা যদি ভুল প্রমাণিত করতে পারেন তাহলে আমরা জমি ছেড়ে দেব।

এ কথা বলার সঙ্গে সঙ্গে আমাকে মারধর শুরু করে মাথায় আঘাত করে আমি মাটিতে পড়ে গেলে আমাকে রক্ষার জন্য অন্যরা এগিয়ে আসলে তাদের কেও লাঠিসোটা ও ধারালো অস্ত্রদিয়ে আঘাত করে। এ সময় আমাদের পাড়ার লোকজন এগিয়ে আসলে তারা পালিয়ে যায় লোকজন আমাদের উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

এ বিষয়ে মুজিবনগর থানায় একটি মামলার প্রস্তুতি চলছে বলে জানান তিনি।

এ বিষয়ে জয়পুর ইবতেদায়ী মাদ্রাসার সভাপতি আব্দুস সামাদ বলেন, জমির কাগজপত্র খাজনা খারিজ সবই মাদ্রাসার নামে কিন্তু জমি চাষ করতে গেলে অপরপক্ষ জোর পূর্বক জমি চাষ করতে বাধাঁ দেয়। গত কয়েকদিন আগে জমির দখল নিয়ে একটু ঝামেলা হয়েছিল এত উভয় পক্ষ মুজিবনগর থানায় একটি অভিযোগ দায়ের করে। অভিযোগের পরিপ্রেক্ষিতে গতকাল রবিবার বিকেলে উভয় পক্ষকে নিয়ে এসআই হেকমত থানায় বসে এসময় আমরা আমাদের সমস্ত কাগজপত্র দেখায় কিন্তু তারা একটি দলিল ছাড়া কিছুই দেখাতে পারেনি। কাগজপত্র না দেখাতে পারার কারণে সেখানে প্রতীয়মান হয় যে জমিটা আসলেই মাদ্রাসার তখন এস আই হেকমত তাদেরকে বলে যে জমি যেহেতু একটি ধর্মীয় প্রতিষ্ঠানের এবং কাগজ পত্র তাদের সেহেতু জমিটা আপনারা ছেড়ে দেন। ওই জমি যেহেতু মাদ্রাসার সমস্ত কাগজপত্র আছে সেহেতু জমিতে আপনারা আর যাবেন না।

সোমবার বিকেলে মাদ্রাসা কর্তৃপক্ষ সহ গ্রামবাসী জমিতে ধান লাগানোর জন্য যাই এ সময় অপরপক্ষ লাঠি সোটা ও ধারালে অস্ত্র নিয়ে আমাদের উপরে হামলা করে এ সময় আমাদের পাঁচ জন আহত হয় আমরা তাদেরকে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসে এ বিষয়ে মুজিবনগর থানায় একটি মামলার প্রক্রিয়া চলছে।

এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান, বিষয়টি আমি শুনেছি, দুই পক্ষের অভিযোগের ভিত্তিতে এই বিষয়ের উপর

গতকাল থানাতে বসা হয়েছিল। কিন্তু উভয় পক্ষ কোন সমঝোতায় না আসায় এবং কোর্টে এ বিষয়ে মামলা থাকায় দুই পক্ষকে বলা হয় যে জমি নিয়ে কোন ঝামেলা না করার জন্য।
আজকে দখল দিয়ে মারামারি হয়েছে শুনেছি এবং কয়েকজন আহত হয়েছে এটাও শুনেছি তবে এখনো কোনো অভিযোগ পাইনি। লিখিত অভিযোগ পেলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।